

## বেসরকারি ভার্টিসটির দেওয়া পিএইচডি ডিগ্রির বৈধতা নেই

■ সমকাল প্রতিবেদক

কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয় ও বিদেশি বিশ্ববিদ্যালয়ের দূরশিক্ষণের মাধ্যমে নেওয়া পিএইচডি ডিগ্রির বৈধতা নেই বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

শিক্ষার্থী অভিভাবক ও সর্বসাধারণের অবগতির জন্য বুধবার জারি করা মন্ত্রণালয়ের এ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, 'শিক্ষা মন্ত্রণালয় বা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন দেশের কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয়কে পিএইচডি ডিগ্রি প্রদানের অনুমতি দেয়নি। এ ছাড়া কোনো বিদেশি বিশ্ববিদ্যালয়ের শাখা খোলা বা কোনো দেশীয় বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় শিক্ষা কার্যক্রম পরিচালনার অনুমোদনও দেওয়া হয়নি।'

এতে আরও বলা হয়েছে, 'কোনো বিদেশি বিশ্ববিদ্যালয়কে এখন পর্যন্ত বাংলাদেশের অভ্যন্তরে দূরশিক্ষণের মাধ্যমে বা কোনো দেশীয় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় পিএইচডি কার্যক্রম পরিচালনার অনুমোদন দেওয়া হয়নি। এ পর্যন্ত যারা এ ধরনের পিএইচডি ডিগ্রি নিয়েছেন তাদের ওই ডিগ্রির কোনো আইনগত বৈধতা নেই।' পিএইচডি সনদ মিথ্যা প্রমাণিত হওয়ায় গত বছর নর্থ-সাউথ বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য এ এন এম মেসকাত উদ্দিনকে বরখাস্ত করা হয়।